



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/৩৩৩২২১১০৭৭৩৪/মাদারীপুর-৫৩/৬৬৬

তারিখ: ০৬ অগ্রহায়ণ ১৪২৯
২১ নভেম্বর ২০২২

বিষয়: ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বপালন প্রসঙ্গে।

- সূত্র: ১. জনাব মো: আনোয়ারুল হক এর ১৫/০৬/২০২২ খ্রি. তারিখের আবেদন;
২. মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং- বামাশিবো/প্রশাসন/মাদারীপুর-৫৩/৮৪৩/৪; তারিখ: ০৪ জুলাই ২০২২;
৩. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের স্মারক নং-০৫.৪১.৫৪৫৪.০০০.০৩.০২৭.২০-৬৫০; তারিখ: ২৫ সেপ্টেম্বর ২০২২;


উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মাদারীপুর জেলার সদর উপজেলাধীন চর গোবিন্দপুর আলিম মাদ্রাসার সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: আনোয়ারুল হক (সহকারী অধ্যাপক) তাঁকে সরিয়ে প্রতিষ্ঠানের জুনিয়র শিক্ষককে অবৈধভাবে ভারপ্রাপ্ত অধ্যক্ষ করা হয়েছে মর্মে সূত্রোক্ত ০১ নং স্মারকে অত্র বোর্ডে অভিযোগ দাখিল করেন।

অভিযোগসহ সার্বিক বিষয়ে তদন্ত করে প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার সদর, মাদারীপুরকে সূত্রোক্ত ০২ নং স্মারকে পত্র দেওয়া হলে সূত্রোক্ত ০৩ নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, ভারপ্রাপ্ত অধ্যক্ষ থাকাকালীন জনাব আনোয়ারুল হক এর বিরুদ্ধে প্রতিষ্ঠানের ০৫ (পাঁচ) জন শিক্ষক কর্তৃক গভার্নিং বডির সভাপতি বরাবর অভিযোগ দায়ের করা হয় কিন্তু অভিযোগ দাখিলের পূর্বেই সভাপতি কর্তৃক ১ম ও ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। অভিযোগকারী শিক্ষকদের সমন্বয়ে ০৭ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন এবং জ্যেষ্ঠতা লঙ্ঘন করে অভিযোগকারী শিক্ষক জনাব মো: নাসির উদ্দীনকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করা হয়। অত্র প্রতিষ্ঠানের ০৯ (নয়) জন শিক্ষক এর মতামত অনুযায়ী প্রতিষ্ঠানে ০৭ (সাত) টি শূন্য পদের বিপরীতে সভাপতির পছন্দের প্রার্থী নিয়োগের নিমিত্ত অবৈধভাবে ভারপ্রাপ্ত অধ্যক্ষকে অপসারণ, শিক্ষকগণ স্ব-স্ব বিষয়ের উপর পাঠদান না করে সভাপতির প্রস্তুতকৃত রুটিন অনুযায়ী শ্রেণিতে পাঠদানসহ সভাপতি ও জনাব আনোয়ারুল হক উভয়ের দ্বন্দ্ব প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার পরিবেশ ক্ষতিগ্রস্ত হচ্ছে।

জনাব আনোয়ারুল হক এর বিরুদ্ধে অভিযোগ দাখিলের পূর্বেই গভার্নিং বডির সভাপতি কর্তৃক কারণ দর্শানোর নোটিশ প্রদান, অভিযোগকারী শিক্ষকদের দ্বারা বিধি বহির্ভূতভাবে ০৭ (সাত) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন, জ্যেষ্ঠতা লঙ্ঘন করে অভিযোগকারী শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান ও নিয়োগ সংক্রান্ত বিরোধ নিয়ে তাঁকে বরখাস্তকরণ প্রক্রিয়া বেসরকারী শিক্ষক চাকুরি বিধিমালা-১৯৭৯ এর বিধি ১৪ (১) অনুসারে কারণ দর্শানোরসহ বিধি ১৪ (২) এর পরিপন্থী এবং সভাপতির এহেন কর্মকান্ড স্বেচ্ছাচারিতামূলক আচরণের বহিঃপ্রকাশ মর্মে প্রতীয়মান হয়।

বর্ণিত অবস্থায় মাদ্রাসাটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ এর ১৩ ধারা মোতাবেক জ্যেষ্ঠতম শিক্ষক জনাব মো: আনোয়ারুল হক, সহকারী অধ্যাপক, আরবি, ইনডেক্স-D340011 পত্র জারির পর থেকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো এবং এহেন কর্মকান্ডের জন্য গভার্নিং বডির সভাপতিকে সতর্ক করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


২০.১১.২০২২

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

জনাব মো: আনোয়ারুল হক (ভারপ্রাপ্ত অধ্যক্ষ)
চর গোবিন্দপুর আলিম মাদ্রাসা, সদর, মাদারীপুর।

নং-বামাশিবো/প্রশা/৩৩৩২২১১০৭৭৩৪/মাদারীপুর-৫৩/৬৬৬(৬)

২০/১১/২২

তারিখ: ০৬ অগ্রহায়ণ ১৪২৯
২১ নভেম্বর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২. জেলা প্রশাসক, মাদারীপুর;
৩. উপজেলা নির্বাহী অফিসার, সদর, মাদারীপুর;
৪. জেলা শিক্ষা অফিসার, মাদারীপুর;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, মাদারীপুর;
৬. সভাপতি (গভার্নিং বডি), চর গোবিন্দপুর আলিম মাদ্রাসা, সদর, মাদারীপুর;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

২০/১১/২২